

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date : 11-01-2026
Time : 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

CM NORTH VISIT:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা দুদিনের উত্তর জেলা সফরে কাঞ্চনপুর দামছড়া হয়ে গতকাল রাতে ধর্মনগর পৌঁছেছেন। আজ সকালে প্রথমে তিনি যাবেন ত্রিপুরা বিধানসভার প্রয়াত অধ্যক্ষ বিশ্ববন্ধু সেনের বাসভবনে। সেখানে মুখ্যমন্ত্রী প্রয়াত অধ্যক্ষের পরিবার-পরিজনদের সঙ্গে কথা বলবেন। এরপর পদ্মপুরে বিজেপির উত্তর জেলা কমিটির সদর কার্যালয়ে কর্মী সমর্থকদের সঙ্গে সভা করবেন। সভা শেষে মুখ্যমন্ত্রী আগরতলা ফিরে আসবেন।

PM-Somnath:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আজ শৌর্য যাত্রায় অংশগ্রহণ এবং সোমনাথ মহাদেবের পূজা করার কথা রয়েছে। এরপর, তিনি সোমনাথে একটি অনুষ্ঠানে ভাষণ দেবেন। সব শেষে তিনি ভাইব্র্যান্ট গুজরাট আঞ্চলিক সম্মেলনের উদ্বোধন করতে রাজকোটে যাবেন।

এদিকে, শ্রী মোদী গতকাল সোমনাথ গিয়ে পৌঁছেছেন। সোমনাথ স্বাভিমান পর্বে তিনি যোগদান করেন। প্রধানমন্ত্রী মন্দির প্রাঙ্গণে 'ওঁকার জপ'-এ অংশ নেন। প্রার্থনার পর, প্রভাস পার্টনের আকাশে একটি মনোমুগ্ধকর ড্রোন শো প্রতক্ষ্য করেন।

PM- Young Leaders:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল নতুন দিল্লিতে স্বামী বিবেকানন্দের জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে আয়োজিত Viksit Bharat Young Leaders Dialogue ২০২৬-এর সমাপ্তি অধিবেশনে অংশ নেবেন। কর্মসূচি চলাকালে প্রধানমন্ত্রী আন্তর্জাতিক প্রতিনিধিসহ সারা দেশের তিন হাজার তরুণের সঙ্গে মতবিনিময় করবেন।

এদিকে, সামাজিক মাধ্যমে গতকাল এক বার্তায় প্রধানমন্ত্রী বলেছেন, দেশের যুবসমাজ শক্তিশালী ও সমৃদ্ধ দেশ গড়ার অন্যতম চালিকাশক্তি। শ্রী মোদি বিকশিত ভারত তরুণ নেতৃত্বদের সংলাপে দেশের যুবকদের সাথে মিলিত হওয়ার আগ্রহ প্রকাশ করেছেন। তিনি বলেন, বিকশিত ভারত ইয়ং লিডার্স সংলাপটি দেশজুড়ে তরুণ নেতাদের ধারণা, আকাঙ্ক্ষা ভাগ করে নেওয়ার এবং বিকশিত ভারতের দৃষ্টিভঙ্গিতে অবদান রাখার জন্য একটি মঞ্চ হিসেবে কাজ করবে। এক্স-এ কেন্দ্রীয় মন্ত্রী মনসুখ মান্ডভিয়ার একটি পোস্টের প্রতিক্রিয়ায় প্রধানমন্ত্রী শ্রী মোদী লেখেন, →আমাদের যুব শক্তি, অপরিসীম উৎসাহ ও অতুলনীয় আবেগে পরিপূর্ণ।

CM- NORTH TRIPURA:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নির্দেশনায় রাজ্যের সার্বিক উন্নয়নের জন্য রাজ্য সরকার আন্তরিকভাবে কাজ করছে। বিজেপির কাঞ্চনপুর মন্ডলের উদ্যোগে আইএসবিটি প্রাঙ্গণে গতকাল এক জনসভায় তিনি একথা বলেন। রাজ্যের বর্তমান আইন শৃঙ্খলা নিয়ে তিনি সন্তোষ প্রকাশ করেন। পরে, মুখ্যমন্ত্রী দামছড়ার নরেন্দ্রনাথের চরাই উৎসবে যোগ দেন।

Mayor:

আগরতলার স্বামী বিবেকানন্দ ময়দানে আয়োজিত স্বদেশী মেলার সময়সীমা দুদিন বাড়ানো হয়েছে। মেলা চলবে আগামী ১৩ জানুয়ারী পর্যন্ত। গতকাল মেলা প্রাঙ্গণে সাংবাদিক সম্মেলনে একথা জানিয়েছেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার। তিনি বলেন, স্বদেশী দ্রব্যাদি ব্যবহার ও উৎসাহ প্রদানের জন্য প্রধানমন্ত্রীর ‘ভোকাল ফর লোকালের’ যে আহ্বান রেখেছেন এরই অঙ্গ হিসাবে আগরতলা পুর নিগম রাজ্যে প্রথম স্বদেশী মেলার আয়োজন করেছে। মেলায় ৪০টি স্টলের মধ্যে ৩২ টি সরকারি স্টল রয়েছে সাথে স্বসহায়ক গোষ্ঠীর সদস্যরাও তাদের উৎপাদিত সামগ্রী নিয়ে এই মেলায় সামিল হয়েছেন।

Jal Utsab:

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় গতকাল উদয়পুরের উত্তর মহারানীতে গোমতি নদীর তীরে তিনদিন ব্যাপী জল উৎসবের সূচনা করেন। তিনি বলেন, জলকে নিয়ে যাদের জীবন, বিশেষ করে মৎস্য চাষী ও জেলে, তাদের প্রাচীন ঐতিহ্যকে তুলে ধরার লক্ষ্যে এই জল উৎসব।

Vivekananda Janmajayanti:

আগরতলা শহর দক্ষিণাঞ্চলের স্বামী বিবেকানন্দ ক্লাবের উদ্যোগে তিন দিন ব্যাপী স্বামী বিবেকানন্দ জন্মজয়ন্তী অনুষ্ঠানে আজ সকালে মেগা স্বাস্থ্য শিবির সহ তিনদিন বিভিন্ন ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা হবে। গতকাল এই অনুষ্ঠানের সূচনা হয়। পতাকা উত্তোলনের পর বিকালে ক্যারাটে প্রতিযোগিতা হয়। আগামীকাল পর্যন্ত এই জন্মজয়ন্তী অনুষ্ঠান চলবে।

Winter Cloth Distribution:

সাক্ষরমের আমতলি কমিউনিটি হলে গতকাল বিকাশ ভারতী ওয়েলফেয়ার সোসাইটির উদ্যোগে সাক্ষরম নগর পঞ্চায়েত ও সাক্ষরম মহকুমা হাসপাতালে কর্মরত সাফাই কর্মীদের শীতবস্ত্র বিতরণ ও ক্রীড়া উৎসব অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সাক্ষরম নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন রমা পোদ্দার দে, ভাইস চেয়ারম্যান দীপক দাস, মহকুমা পুলিশ আধিকারিক নিত্যনন্দ সরকার প্রমুখ উপস্থিত ছিলেন।

Finance Minister:

বাজেট-পূর্ব কার্যক্রমের অংশ হিসেবে, কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন গতকাল নতুনদিল্লিতে রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের অর্থমন্ত্রীদের সঙ্গে একটি বৈঠকে সভাপতিত্ব করেন। বৈঠকে অর্থ প্রতিমন্ত্রী পঙ্কজ চৌধুরী এবং মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তারাও উপস্থিত ছিলেন। সংসদের বাজেট অধিবেশন এই মাসের ২৮ তারিখে শুরু হওয়ার কথা রয়েছে।

Weather:

বঙ্গোপসাগরে নিম্নচাপ ও ঘূর্ণাবর্তের প্রভাবে রাজ্যে দিনের তাপমাত্রা বেড়ে গেছে। আবহাওয়া দপ্তর থেকে বলা হয়েছে নিম্নচাপ ও ঘূর্ণাবর্তের প্রভাব কেটে গেলে দিনের তাপমাত্রা পুনরায় কিছুটা হ্রাস পাবে। আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৫.৮ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।
